

ঢাকা ওয়াসা

- ০১। ২০২৫-২৬ ইং অর্থবছরের সংশোধিত অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
 ০২। কোটেশন দাখিলের জন্য ঠিকাদারকে চিঠি।
 ০৩। ঠিকাদার হতে প্রাপ্ত কোটেশন।
 ০৪। দর বিশ্লেষণের কপি।
 ০৫। আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়ঃ Supply and Installation of WPC Panels and Aluminam/MS Box for SWTP.

০১। সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৫ পর্যন্ত অনুগ্রহ পূর্বক দেখা যেতে পারে। সাপাশো ফেজ-১ ও ২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার এর অধিক পরিশোধি পানি ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। বর্তমানে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ নামে দুইটি শোধনাগার এর প্রায় ৪ কিলোমিটার দীর্ঘ পানির মেইন ট্রান্সমিশন লাইন রয়েছে। এবং উক্ত ট্রান্সমিশন লাইন এর সাথে আন্তঃসংযোগের মাধ্যমে ০৮টি মডস জোন সমূহে পানি সরবরাহ করা হচ্ছে। পানি শোধনাগার দুইটি অতীব গুরুত্বপূর্ণ, কেপিআই (KPI) ভুক্ত একটি জাতীয় স্থাপনা। অত্র প্ল্যান্টে প্রায়শই বিভিন্ন মেডিক্যাল কলেজ বিশ্ববিদ্যালয়, দেশি/বিদেশী অতিথি, দাতা সংস্থার প্রতিনিধিবর্গ, সরকারী উচ্চ পদস্থ কর্মকর্তাসহ বিভিন্ন ধরনের অতিথি কর্তৃপক্ষের অনুমতি নিয়ে ভিজিট করে থাকেন। বিধায় প্লান্টটি পরিষ্কার-পরিচ্ছন্নসহ আধুনিকায়ন রাখা জরুরী প্রয়োজন। সায়েদাবাদ পানি শোধনাগার কেপিআই (KPI) ভুক্ত একটি জাতীয় স্থাপনা বিধা শোধনাগারের চারদিকে প্রাইমারী এবং সেকেন্ডারী বাউন্ডারী ওয়াল দ্বারা বেষ্টিত এবং শোধনাগারটিতে প্রবেশ করার জন্য মেইন গেইট, গেষ্টরুমসহ সিকিউরিটি রু আছে যা সৌন্দর্য্য এবং দৃষ্টিনন্দন করা প্রয়োজন। তৎপ্রেক্ষিতে উক্ত স্থাপনায় সৌন্দর্য্য এবং দৃষ্টিনন্দন করার জন্য WPC Panels and Aluminam/MS Bo করা প্রয়োজন।

২। আলোচ্য কাজটি সম্পাদনের লক্ষ্যে বর্তমান বাজার দর অনুযায়ী “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট ট ২৪,৮৬,০০০.০০ (চব্বিশ লক্ষ ছিয়াশি হাজার) টাকা। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা প্রধান প্রকৌশলী ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের সংশোধিত রাজ বাজেটের Water & Sewage Treatment Plant O&M (কোড ০১-০৪-০১১) খাত হতে নির্বাহ করা যেতে পারে।

০৩। ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভুক্ত কাজটি ই-জিপি পোর্টালের মাধ্যমে উন্মুক্ত দরপত্র (OTM) পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-৬৮ এবং প্যাকেজ নং-G-51 তে অন্তর্ভুক্ত রয়েছে। সরবরাহ কাজ পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৭৮ ধারা অনুসারে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বান ও সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD PG- অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রমকারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভা উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সক কার্যক্রম সম্পাদন করা হবে।

৪। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ৩.০ পর্যন্ত বর্ণনালোকে Supply and Installation of WPC Panels and Aluminam /MS Box for SWTP. শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৮০ ধারা অনুসারে ই-জিপি পোর্টালের মাধ্যমে উন্মুক্ত (OTM) দরপত্র পদ্ধতিতে আহ্বান অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন সর্বমোট ট ২৪,৮৬,০০০.০০ (চব্বিশ লক্ষ ছিয়াশি হাজার) টাকার অনুমোদন।

গ) বর্ণিত কাজের ব্যয় ২০২৫-২৬ ইং অর্থ বছরের সংশোধিত রাজস্ব বাজেটের Water & Sewage Treatment Plant O&M (কোড ০১-০৪-০১১) হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

20.5.26
 সুব্রত কুমার দেব
 উপ-সহকারী প্রকৌশলী
 সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।
 মোঃ মশিউর রহমান ইয়া
 সহকারী প্রকৌশলী
 সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।
 20-05-26
 রাজীব আহমেদ
 নির্বাহী প্রকৌশলী
 সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।
 SE (WSTPS)
 20/05/2026
 মিজা গোলাম কিবরিয়া
 তত্ত্বাবধায়ক প্রকৌশলী
 পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।

২১/০৫/২৬
 শওকত মাহমুদ
 প্রধান প্রকৌশলী
 ঢাকা ওয়াসা।
 Xen, SWTP (M)
 ২১/০৫/২৬